

# সিলিয়ার সিস্টেম এনালিষ্ট

- সিস্টেম এনালিষ্ট/সিলিয়ার প্রোগ্রামার
- প্রোগ্রামার
- সহকারী প্রোগ্রামার
- সংযোগ-১, সংযোগ-২
- সংযোগ

তারিখ: 16/10/2019

নং-৩৫.০০.০০০০.০২৩.১৮.০৫৭.১৯-৩২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ  
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়  
সম্পত্তি শাখা

[www.rthd.gov.bd](http://www.rthd.gov.bd)

তারিখ: ৩০ আশ্বিন ১৪২৬ বঙ্গাব্দ  
১৫ অক্টোবর ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ঢাকা (মিরপুর)- উত্থুলি- পাটুরিয়া- নটাখোলা- কাশিনাথপুর জাতীয় মহাসড়কের (এন-৫) ২৫তম কিলোমিটারে আরিচা অভিমুখী সড়কের বাম পার্শ্বে ধনিয়া মৌজায় নিজস্ব ভূমিতে অবস্থিত “ষাঠালিং লন্ডী লিমিটেড” নামক প্রতিষ্ঠানে যাতায়াতের বাণিজ্যিক প্রবেশপথ নির্মাণের নিমিত্ত সওজ মালিকানাধীন ৭.১৬ শতাংশ ভূমি ইজারা প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ সওজ অধিদপ্তরের স্মারক নম্বর-এল.আর-ডি১১৫/২০১৯-৪০৩-এঃ প্রঃ, তারিখ-১৯.০৯.২০১৯ খ্রিস্টাব্দ

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, সড়ক ও জনপথ অধিদপ্তরের ভূমি ব্যবস্থাপনা নীতিমালা-২০১৫ এর আলোকে মানিকগঞ্জ সড়ক বিভাগাধীন ঢাকা (মিরপুর)-উত্থুলি-পাটুরিয়া-নটাখোলা-কাশিনাথপুর জাতীয় মহাসড়কের (এন-৫) ২৫তম কিলোমিটারে আরিচা অভিমুখী সড়কের বাম পার্শ্বে ধনিয়া মৌজার জেএল নম্বর-৫৭৬, সিএস দাগ নম্বর-১৬(অংশ) ও আরএস দাগ নম্বর-১৫৭ (অংশ)-এর সওজ মালিকানাধীন ৭.১৬ শতাংশ ভূমি ষাঠালিং লন্ডী লিমিটেড নামক প্রতিষ্ঠানে যাতায়াতের ১টি বাণিজ্যিক প্রবেশপথ নির্মাণের নিমিত্ত বিদ্যমান নীতিমালা অনুযায়ী ধার্যকৃত এককালীন ফি ও নির্ধারিত বাংসরিক ইজারা ফি (প্রযোজ্য ভ্যাট ও আয়করসহ) সর্বমোট ৫৬,১১,৭১৮.৭৩ (ছাপ্পান লক্ষ এগার হাজার সাতশত আঠার টাকা তেহাতের পয়সা) ঢাকা জমা প্রদান সাপেক্ষে জনাব মোঃ ফজলুল হক, ব্যবস্থাপনা পরিচালক, ষাঠালিং লন্ডী লিমিটেড-এর অনুকূলে নিম্নোক্ত শর্তে সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে ইজারা প্রস্তাৱ সরকার কর্তৃক অনুমোদিত হয়েছেঃ

## শর্তসমূহ

- ১) এ অনুমতি ১০ (দশ) বছরের জন্য বলবৎ থাকবে;
- ২) ইজারা চুক্তি সম্পাদনের পূর্বেই ইজারা গ্রহীতাকে এককালীন ফি ও ১০ (দশ) বছরের বাংসরিক ইজারা ফি এবং প্রযোজ্য ভ্যাট ও আয়কর পরিশোধ করতে হবে এবং আদায়কৃত ফি নির্ধারিত অর্থমেতিক কোডে জমা প্রদান করতে হবে;
- ৩) প্রবেশপথ/সংযোগ সড়কের উপরিভাগের প্রশস্ততা হবে সর্বোচ্চ ২৪(চৰিশ) ফুট। তবে কোন ক্ষেত্ৰেই প্রবেশ পথের ঢালের অনুপাত ১:২ অন্তর্ক্রম কৰা যাবে না;
- ৪) কোনক্রমেই প্রবেশপথ/সংযোগ সড়কের উচ্চতা মূল সড়কের উচ্চতার বেশী হতে পারবে না;
- ৫) প্রবেশপথ/সংযোগ সড়কের নির্মাণ কাজ সওজ কর্তৃক অনুমোদিত ডিজাইন অনুযায়ী করতে হবে;
- ৬) ইজারা প্রদানকৃত ভূমির পানি নিষ্কাশনের জন্য আবেদনকারী কর্তৃক নিজস্ব ব্যয়ে সড়ক ও জনপথ অধিদপ্তরের নোন্না অনুযায়ী স্থাপনা যেমন: রিজ, পাইপ, কালভার্ট, বক্স কালভার্ট, ক্রস ড্রেন ইত্যাদি নির্মাণ করতে হবে, যা সংশ্লিষ্ট নির্বাহী প্রকোশলীর তত্ত্ববধানে করতে হবে এবং অনুমোদিত নকশা অনুযায়ী প্রস্তাৱিত প্রবেশপথ/সংযোগ সড়ক এবং ড্রেন/কালভার্ট নির্মাণ সংশ্লিষ্ট তত্ত্ববধায়ক প্রকোশলী নিশ্চিত কৰণৰেন;
- ৭) ইজারা প্রদানকৃত ভূমি ব্যবহার কৰা যাবে না;
- ৮) ইজারা গ্রহীতা যে উদ্দেশ্যে ভূমি ইজারা গ্রহণ কৰেছেন তার বাইরে অন্য কোন কাজে এ ভূমি ব্যবহার করতে পারবেন না। কৰলে কোন প্রকার কারণ দর্শনো ব্যতিরেকে ইজারা বাতিল কৰা হবে এবং প্রদত্ত এককালীন ফি ও বাংসরিক ফি সরকারের অনুকূলে বাজেয়ান্ত কৰা হবে। এক্ষেত্ৰে ইজারা গ্রহীতা ভূমি উন্নয়ন বাবদ যে অর্থ ব্যয় কৰেছেন তার বিপরীতে কোন প্রকার ক্ষতিপূৰণ দায়ী কৰতে পারবেন না;
- ৯) ইজারা প্রদানকৃত ভূমিতে অথবা ভূমির আশে পাশে কোন ধরণের স্থায়ী/অস্থায়ী অবকাঠামো নির্মাণ কৰা যাবে না;
- ১০) ইজারা প্রদানকৃত ভূমির আশে পাশে কোন ব্যবসা পরিচালনা কৰা যাবে না এবং বিলবোর্ড/সাইনবোর্ড স্থাপন কৰা যাবে না;
- ১১) ইজারাকৃত ভূমিতে এমন কোন কৰ্মকাণ্ড কৰা যাবে না যাতে প্রাকৃতিক নদী, খাল, নালা, বিল, হাওর, বাওর ইত্যাদির পানি প্রবাহে প্রতিবন্ধকৰণ সৃষ্টি হয়;
- ১২) কর্তৃপক্ষ ইজারাকৃত ভূমি বা ভূমির স্থাপনা যে কোন সময় যে কোন প্রয়োজনে পরিদর্শন করতে পারবেন;
- ১৩) ইজারাকৃত ভূমি অপৰ কোন ব্যক্তি/ প্রতিষ্ঠান/কর্তৃপক্ষের অনুকূলে সাব লীজ প্রদান বা ব্যবস্থাপনা হস্তান্তর কৰা যাবে না। বক্স রেখে কোন প্রকার আর্থিক সুবিধা গ্রহণ কৰা যাবে না। কৰলে কোন প্রকার কারণ দর্শনো ব্যতিরেকে ইজারা বাতিল কৰা হবে এবং প্রদত্ত এককালীন ফি ও বাংসরিক ফি সরকারের অনুকূলে বাজেয়ান্ত কৰা হবে এবং সকল দায় ইজারা গ্রহীতার উপর বর্তাৰে;

অপৰ পৃষ্ঠায় দ্রষ্টব্য

পূর্ব পঠা পর

- ১৪) চুক্তির কোন শর্ত ভঙ্গ করলে অথবা ইজারাকৃত ভূমি ভবিষ্যতে মহাসড়ক সংস্কার, মেরামত ও সংরক্ষণ এবং সম্প্রসারণ ও উন্নয়নে প্রয়োজন হলে কোন প্রকার ক্ষতিপূরণ প্রদান ব্যতিরেকে কর্তৃপক্ষ ৬০ (ষাট) দিনের নেটোশে ইজারা চুক্তি স্বাক্ষরের পূর্বে কর্তৃপক্ষ ইজারা গ্রহীতার নিকট হতে এ মর্মে একটি হলফনামা (Affidavit) গ্রহণ করবেন যে, মহাসড়ক সংস্কার, মেরামত ও সংরক্ষণ এবং সম্প্রসারণ ও উন্নয়নের প্রয়োজনে ইজারাকৃত ভূমির ইজারা বাতিল করা হলে তাৎক্ষণিকভাবে ব্যবহারের অনুমতি প্রদানকৃত ভূমির দখল ছেড়ে দিতে হবে এবং এ জন্য ভূমি ব্যবহারকারী ব্যক্তি/প্রতিষ্ঠান কোন প্রকার ওজর আপত্তি বা ক্ষতিপূরণ দাবি করতে পারবে না, কোন আদালতের আশ্রয় গ্রহণ করতে পারবেন না, প্রদত্ত এককালীন ফি ও ইজারা ফি ফেরতের দাবী করতে পারবেন না এবং মোটিশ প্রাপ্তির পর নির্ধারিত সময়ের মধ্যে ইজারা প্রাপ্ত ভূমির দখল কর্তৃপক্ষ ব্যবাবর হস্তান্তরে বাধ্য থাকবেন। এক্ষেত্রে ১ নম্বর শর্তের কোনো বাধ্যবাধকতা থাকবে না এবং নির্ধারিত সময়সীমার জন্য প্রদত্ত কোন ফি বা অর্থ ফেরত দেয়া হবে না;
- ১৫) ইজারা গ্রহীতাকে যে উদ্দেশ্যে ভূমি ইজারা প্রদান করা হয়েছে তার বাইরে উক্ত ইজারাদার অননুমোদিতভাবে কোন খনন, ভরাট, বৃক্ষ নির্ধন, স্থাপনা নির্মাণ বা পরিবেশ বিনষ্টকারী কোন কর্মকাণ্ড পরিচালনা করতে পারবেন না, করলে কোন প্রকার কারণ দর্শনো ব্যতিরেকে ইজারা বাতিল করা হবে এবং প্রদত্ত এককালীন ফি ও বাসরিক ফি সরকারের অনুকূলে বাজেয়াঙ্গ করা হবে। এক্ষেত্রে ক্ষতির পরিমাণ বাজেয়াঙ্গকৃত অর্থের অধিক হলে Public Demand Recovery (PDR) Act 1913 অনুযায়ী আদায় করা হবে;
- ১৬) মহাসড়ক আইন, ১৯২৫ অনুযায়ী নিরাপদ দূরত্বে স্থাপনা নির্মাণ করতে হবে;
- ১৭) উপরোক্ত শর্তসমূহের কোন একটি শর্ত লংঘিত হলে এ অনুমতি/ব্যাবাদ বাতিল বলে গণ্য হবে;
- ১৮) সম্পত্তি ব্যবস্থাপনা ডাটাবেইজে বিষয়টি অন্তর্ভুক্ত করতে হবে;
- ১৯) এতদসংক্রান্ত সড়ক ও জনপথ অধিদণ্ডের বিধি-বিধান মেনে চলতে হবে;
- ২০) ব্যাবাদপত্র ইস্যুর তারিখ হতে ৯০(নব্বই) দিনের মধ্যেই চুক্তি স্বাক্ষর করতে হবো অন্যথায় এ অনুমতি/ব্যাবাদ পত্র বাতিল বলে গণ্য হবে; এবং
- ২১) সম্পাদিত ইজারা চুক্তির সত্যায়িত ছায়ালিপি ইজারা চুক্তি সম্পাদনের ১ (এক) মাসের মধ্যে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ ব্যবাবর প্রেরণ করতে হবে।

০২. সড়ক ও জনপথ অধিদণ্ডের এবং ইজারা গ্রহীতা (জনাব মোঃ ফজলুল হক, ব্যবস্থাপনা পরিচালক, ষাটারলিং লন্ড্রী লিমিটেড)-এর মধ্যে স্বাক্ষরিত চুক্তির সত্যায়িত ছায়ালিপি এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

৩/।।।

(মোঃ গোলাম জিলানী)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫৮২২২৭  
[sasestate@rthd.gov.bd](mailto:sasestate@rthd.gov.bd)

প্রধান প্রকৌশলী

সড়ক ও জনপথ অধিদণ্ডে  
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা

নং-৩৫.০০.০০০০.০২৩.১৮.০৫৭.১৯-৩২২/১(৬)

তারিখঃ ৩০ আশ্বিন ১৪২৬ বঙ্গাব্দ  
১৫ অক্টোবর ২০১৯ খ্রিস্টাব্দ

অনুলিপিঃ সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

০১. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ঢাকা জোন, এলেনবাড়ী, তেজগাঁও, ঢাকা  
 ০২. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এমআইএস এন্ড এপ্টেস সার্কেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা  
 ০৩. সচিবের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ  
 ০৪. সিনিয়র সিস্টেম এনালিষ্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)  
 ০৫. নির্বাহী প্রকৌশলী, সওজ, মানিকগঞ্জ সড়ক বিভাগ, মানিকগঞ্জ  
 ০৬. জনাব মোঃ ফজলুল হক, ব্যবস্থাপনা পরিচালক, ষাটারলিং লন্ড্রী লিমিটেড, ধনিয়া, নয়ারহাট, আশুলিয়া, সভার,  
ঢাকা

১৫/১০/১৯

(মোঃ গোলাম জিলানী)  
সিনিয়র সহকারী সচিব